29 APR 2017

# 'কলেজ-বিশ্ববিদ্যালয়ে চাই ইতিহাসের অন্তর্ভুক্তি'

■ সমকাল প্রতিবেদক

বেসামরিক বিমান পরিবহন ও পর্যটনমন্ত্রী রাশেদ খান মেনন বলেছেন, 'বর্তমান প্রজন্ম ইতিহাস না শেখে শিকড়চ্যুত হয়ে পড়ছে। বাঙালির গৌরবোজ্জ্বল অতীত তারা জানে না। স্বাধীন বাংলাদেশের অভ্যুদয় সম্পর্কে তাদের ধারণা অতি সামান্য। মাতৃভাষা চর্চার প্রতি তাদের অনীহা। অথচ এ দেশের তরুণরাই ৫২-এর ভাষা আন্দোলন, ৬২-এর শিক্ষা কমিশন আন্দোলন, ৬৯-এর গণঅভ্যুত্থান এবং ৭১-এ সম্মুখ সমরে স্বাধীন বাংলাদেশ সৃষ্টি করেছে। এই শিকড়চ্যুতি উত্তরণে সব কলেজ, পাবলিক ও প্রাইভেট বিশ্ববিদ্যালয়ে বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাস ও মাতৃভাষা বাংলাকে শিক্ষাক্রমে অন্তর্ভুক্ত করতে হবে।'

গতকাল শুক্রবার ঢাকা বিশ্ববিদ্যালয়ে নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে বাংলাদেশ ইতিহাস পরিষদ আয়োজিত ৪৭তম বার্ষিক আন্তর্জাতিক সম্মেলনের উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। ইতিহাস পরিষদের সহসভাপতি ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক মো. আখতারুজ্জামানের সভাপতিত্বে অনুষ্ঠানের উদ্বোধন করেন ইউজিসির চেয়ারম্যান, অধ্যাপক আবদুল মান্নান।

**'ঘাতক নির্মূল আন্দোলনের স্মৃতিবাহী ১৯৯৩ সাল' গ্রন্থের প্রকাশনা উৎসব :** অধ্যাপক ড. আবদুল মান্নান চৌধুরী রচিত 'ঘাতক নির্মূল আন্দোলনের স্মৃতিবাহী ১৯৯৩ সাল' গ্রন্থের প্রকাশনা উৎসব অনুষ্ঠিত হয়েছে গতকাল। এতে প্রধান অতিথি ছিলেন বেসামরিক বিমান চলাচল ও পর্যটনমন্ত্রী রাশেদ খান মেনন। সাবেক তথ্য সচিব সৈয়দ মার্গুব মোর্শেদের সভাপতিত্বে বিশেষ অতিথি ছিলেন জাতীয় প্রেস ক্লাবের সভাপতি মুহম্মদ শফিকুর রহমান, মানবজমিনের ব্যবস্থাপনা সম্পাদক বাবর আশরাফুল হক, নারী উদ্যোক্তা লায়ন জেবীন সুলতানা কান্তা প্রমুখ।

**শেষ হলো কর্মচারী ইউনিয়নের নাট্যোৎসব :** লাকী আখন্দকে উৎসর্গ করা শিল্পকলা একাডেমি কর্মচারী ইউনিয়ন আয়োজিত পাঁচদিনের নাট্যোৎসব শেষ হয়েছে গতকাল। সমাপনী দিনে একাডেমির জাতীয় নাট্যশালার মূল মিলনায়তনে মঞ্চস্থ হয় লোকনাট্য দলের (সিদ্ধেশ্বরী) নাটক 'কঞ্জুস'। মলিয়েরের 'দ্য মাইজার' অবলম্বনে নাটকটি রূপান্তর করেছেন তারিক আনাম খান। নির্দেশনা দিয়েছেন লিয়াকত আলী লাকী।